


প্রযুক্তি কৃষকের জন্য

কৃষি প্রযুক্তি কৃষকের হাতে পৌঁছা ও মাঠে প্রয়োগের মধ্যেই এর সার্থকতা। সম্ভাব্য স্বল্পতম সময়ে কৃষকের কাছে প্রযুক্তি হস্তান্তর করা সম্প্রসারণকর্মী ও বিজ্ঞানীদের দায়িত্ব।



অংশীদারিত্বমূলক গবেষণা

এটি সম্ভাবনাময় ও প্রতিশ্রুতিশীল প্রযুক্তি কৃষকের মাঠে মূল্যায়ন ও অকাট্যকরণের এমন এক প্রক্রিয়া যাতে কৃষক, বিজ্ঞানী, সম্প্রসারণকর্মী এবং স্থানীয় উন্নয়নকর্মীদের অংশগ্রহণ নিশ্চিত করা হয়। এতে প্রযুক্তি বিষয়ে কৃষক নিজেই সিদ্ধান্ত গ্রহণ করেন। বিশ্বের অনেক দেশেই এ ধরনের অংশীদারিত্বমূলক গবেষণা ও প্রযুক্তি হস্তান্তর কাজ সুফল দিয়েছে।

প্রযুক্তি হস্তান্তরের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ

- ▶ সরকারি বেসরকারি সম্প্রসারণ সংস্থার অংশীদারিত্ব নিশ্চিত করা।
- ▶ কৃষকের সাথে কাজ করতে আগ্রহী এমন স্থানীয় উন্নয়ন সংস্থা চিহ্নিত করা।
- ▶ অংশীদারিত্বমূলক পন্থায় কৃষকের সমস্যা ও চাহিদা নিরূপণ।
- ▶ সমস্যার মোকাবেলায় বিকল্প সমাধান সন্ধান করা।
- ▶ গবেষণা, সম্প্রসারণ, মূল্যায়ন কাজে কৃষকদের সম্পৃক্তকরণ।
- ▶ প্রযুক্তি বাছাই ও গ্রহণে কৃষকের সিদ্ধান্ত প্রাধান্য দেয়া।
- ▶ উৎপাদন, অর্থনৈতিক লাভ, সামাজিক গ্রহণযোগ্যতা ও টেকসই ভিত্তিতে প্রযুক্তি মূল্যায়ন।